



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ই-মেইল registrar@jnu.ac.bd



স্মারক নং-জবি/প্রশা/শি-৩০/২০০৭/১৩৭১

তারিখ: ০৩/০৫/২০১১

জবি/প্রশা/একা(বৃত্তি)-৩৪(২৭)/অংশ-০১/২০২০/

তারিখ: ০৫ মে ২০২১

‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রাপ্তির অতি জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে ‘মুজিব শতবর্ষ’ উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদানের নিমিত্তে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে বর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদন ফরম-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

সূত্র নং: ৩৭.২৪.০০০০.০০০.০৮.০০১.২১-১০৮,

তারিখ: ০৩ মে ২০২১ খ্রিষ্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উদ্যোগে ‘মুজিব শতবর্ষ’ উদযাপন উপলক্ষ্যে অনন্য মেধাবী শিক্ষার্থীদেরকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের জন্য ‘বঙ্গবন্ধু স্কলার’ নির্বাচন ও বৃত্তি প্রদানের নিমিত্তে স্নাতকোত্তর (Post Graduation) পর্যায়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে ০৫ মে ২০২১ হতে ০৯ মে ২০২১ তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত বর্ণিত শর্তে ও নির্ধারিত আবেদন ফরম-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

স্কলারশিপ প্রাপ্তির যোগ্যতা :

১. স্নাতক/সমমান পর্যায়ে উত্তীর্ণসহ স্নাতকোত্তর শিক্ষায় অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী ‘বঙ্গবন্ধু স্কলারশিপ’ এর জন্য দরখাস্ত করতে পারবেন।
২. বৃত্তির জন্য স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে ৩ টিতেই প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে অথবা এসএসসি ও এইচএসসি তে জিপিএ/সিজিপিএ ৫.০০ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) এবং স্নাতকে জিপিএ/সিজিপিএ ৩.৭০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে।
৩. সরকারের অন্য কোনো উৎস হতে স্কলারশিপপ্রাপ্ত নয় এমন শিক্ষার্থী; এবং
৪. কোন শিক্ষার্থীর বিরুদ্ধে রাষ্ট্র বিরোধী, মুক্তিযুদ্ধের চেতনা বিরোধী কোন কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার প্রমাণ পাওয়া গেলে বা নৈতিকভাবে অধঃপতন হলে বা ফৌজদারী অপরাধে দণ্ডিত হলে (দেশে/দেশের বাইরে) আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজ পত্রের অনুলিপি অবশ্যই সত্যায়িত করে সংযোজন করতে হবে :

এসএসসি, এইচএসসি ও স্নাতক (সম্মান) পরীক্ষার- ক) সনদ, খ) নম্বরপত্র ও গ) এক্সট্রা কারিকুলার অ্যাডিভিভেন্ট’র সনদ পত্র।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে উল্লেখিত শর্তাবলী মেনে স্ব-হস্তে নির্ভুলভাবে আবেদন ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা প্রদানে ব্যর্থ হলে স্কলারশিপ প্রাপ্তির বিষয়ে বিশ্ববিদ্যালয় কোন প্রকার দায়ভার বহন করবে না।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

০৫-০৫-২০২১

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার

তারিখ: ০৫ মে ২০২১

জবি/প্রশা/একা(বৃত্তি)-৩৪(২৭)/অংশ-০১/২০২০/

সংযুক্তি: নির্ধারিত আবেদন ফরম (www.pmeat.gov.bd –ওয়েব সাইটেও পাওয়া যাবে)।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৬. ডীন, সকল অনুযদ, জবি;
- ৭-৮. পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আই.ই.আর/আই.এম.এল), জবি;
- ৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪৫. পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
- ৪৬-৪৮. পরিচালক (অর্থ ও হিসাব/পিআরআইপি/ছাত্র কল্যাণ), জবি;
৪৯. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৫০. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫১. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫২. সংরক্ষণ/অফিস কপি/

স্বাক্ষরিত-

(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)

ডেপুটি রেজিস্ট্রার

একাডেমিক শাখা